



বিসমিল্লা-হির রাহমা-নির রাহীম্

অষ্ট্রেলিয়ান ইসলামিক ওয়েলফেয়ার সোসাইটি ইনক

রেজিস্ট্রেশন নং: INC 1587258920

৫ ফিন্ডস রোড, ম্যাকুয়ারী ফিন্ডস, এন.এস. ডব্লিউ-২৫৬৪, অষ্ট্রেলিয়া

সিডনী সাউথ ওয়েস্ট এলাকায় একটি নতুন মসজিদ নির্মাণে এগিয়ে আসুন

প্রিয় মুসলমান ভাই ও বোনেরা,

আসসালামু আলাইকুম। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, সিডনী সাউথ ওয়েস্ট এলাকা বিশেষ করে বৃহত্তর ক্যান্সেলটাউন এলাকায় বর্তমানে মুসলমানদের সংখ্যা পূর্বের তুলনায় অনেক গুন বৃদ্ধি পেয়েছে এবং এই বৃদ্ধি অব্যাহত রয়েছে। এত বিশাল মুসলিম কমিউনিটির জন্য অত্র এলাকায় মসজিদের সংখ্যা মাত্র একটি (মিন্টু মসজিদ)। ফলে শুক্রবারের জু'মার নামাজ এবং ঈদের নামাজের স্থান সংকুলান হয় না। যার ফলে বিভিন্ন সমস্যা মোকাবিলা করতে হয়। এসব সমস্যার সমাধান কল্পে সদ্য প্রতিষ্ঠিত 'অষ্ট্রেলিয়ান ইসলামিক ওয়েলফেয়ার সোসাইটি' অত্র অঞ্চলে একটি মসজিদ প্রতিষ্ঠার জন্য জরুরী উদ্যোগ গ্রহন করেছে। মসজিদ প্রতিষ্ঠা ছাড়াও মুসলিম কমিউনিটির উন্নয়ন কল্পে এই নতুন ইসলামিক সংগঠন আরো কিছু প্রকল্প হাতে নিয়েছে। এর মধ্যে অন্যতম হলো-মৃত মুসলিম ব্যক্তির আনুষ্ঠানিকতা পালনের জন্য একটি ফিউনারেল ফান্ড, অত্র এলাকায় মুসলমানদের জন্য পৃথক একটি কবর স্থান প্রতিষ্ঠা করা, নতুন প্রজন্মের ছেলেমেয়েদের ও বয়স্কদের জন্য কোরান শিক্ষার ব্যবস্থা করা এবং নিয়মিত ইসলামিক প্রোগ্রামের ব্যবস্থা করা। আমরা সবাই অবগত যে, সিডনীতে প্রায় সব মুসলিম কমিউনিটির নিজস্ব ফিউনারেল ফান্ড থাকলেও বাংলাদেশী মুসলমানদের জন্য কোন ফিউনারেল ফান্ড নেই। তাই একটি ফিউনারেল ফান্ড তৈরী করাও অত্যন্ত জরুরী। সিডনীতে মুসলমানদের জন্য পৃথক কোন কবর স্থান নেই। যে দু'টি সিমেন্টিতে মুসলমানদের কবর দেয়ার ব্যবস্থা আছে, তা অতি দ্রুত পূর্ণ হয়ে যাচ্ছে। তাছাড়া অত্যন্ত ব্যয়বহুল। তাই অত্র এলাকায় মুসলমানদের জন্য একটি কবর স্থান প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরী।

প্রিয় মুসলমান ভাই ও বোনেরা, আপনাদের সর্বাত্মক সহযোগিতা ছাড়া এ প্রকল্পগুলি বাস্তবায়ন করা আমাদের পক্ষে প্রায় অসম্ভব। তাই আপনাদের কাছে আকুল আবেদন, আসুন আমরা সবাই মিলে দলমত নির্বিশেষে উপরোক্ত প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নে সহায়তার হাত বাড়িয়ে দেই। আপনারা জেনে হয়ত: খুশি হবেন যে, মসজিদ প্রতিষ্ঠার কাজ দ্রুত এগিয়ে নিয়ে যাওয়ার জন্যে ইতিমধ্যেই বিপুল সংখ্যক মুসলমান ভাই ও বোনেরা জনপ্রতি মাসে এক শ' ডলার করে এক বৎসরের মধ্যে A\$1000 (এক হাজার ডলার) দান করার অঙ্গীকার করেছে। আসুন আপনি, আমি এবং আমরা সবাই আল্লাহর ঘর প্রতিষ্ঠার জন্যে কমপক্ষে এক হাজার ডলার দান করার প্রতিশ্রুতিবদ্ধ হই। অত্র এলাকায় বসবাসরত প্রায় পাঁচশ' মুসলমান পরিবারের সবাই যদি এই অঙ্গীকারবদ্ধে আবদ্ধ হই তবে আগামী এক বৎসরের মধ্যে আমাদের মসজিদ প্রকল্পের কাজ বাস্তবায়ন হবে, ইনশাআল্লাহ। আমিন।

ধন্যবাদান্তে,

মোফাজ্জল ভূইয়া

আহবায়ক

ফোন: 0413627250

আনিছুল আফছার

সদস্য সচিব

ফোন: 0402398419

এক হাজার ডলার দান করার অঙ্গীকার এবং বিস্তারিত তথ্যের জন্যে যোগাযোগ করার ঠিকানা:

ড: মোশারফ চৌধুরী-0423513094, আজহার হোসেন-0407320796, ইকবাল ফারুক-0403106427, মো: কামাল উদ্দীন-0402972142, ইকবাল জুয়েল-0425256800, আবুল হোসেন সরকার-0411035250, সাদিকুর রহমান মুন-0415352082, মজিবর রহমান-0413719900, আতিকুর রহমান-0412499390।